

উত্তরবঙ্গ সংবাদ

শিলিগুড়ি ২ মাঘ ১৪১১ শনিবার ২.৫০ টাকা 19 January 2013 Saturday 16 Pages Rs. 2.50 ইন্টারনেট সংস্করণ : <http://www.uttarbangasambad.com>

সৌরশক্তি চালিত পেট্রোল পাম্প শিলিগুড়িতে

শিলিগুড়ি, ১৮ জানুয়ারি : পেট্রোল পাম্পের যাবতীয় কাজকর্ম চলেবে সৌরশক্তিতে। শুক্রবার শিলিগুড়ি ইস্টার্ন বাইপাস সংলগ্ন একটি পেট্রোল পাম্পে এমনই প্রকল্পের উদ্বোধন হল। উত্তর-পূর্ব ভারতে এধরনের উদ্যোগ সর্বপ্রথম বলে এদিন দাবি করেন কলকাতার সুলেখা ওয়ার্কস লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর কৌশিক মৈত্র। এদিনের উদ্বোধনী অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন শিলিগুড়ির পুলিশ কমিশনার আনন্দ কুমার, অতিরিক্ত ডেপুটি পুলিশ কমিশনার আভারু রবীন্দ্রনাথ, ইন্ডিয়ান অয়েল কর্পোরেশনের (আইওসি) সিনিয়র ডিভিশনাল রিটেল সেলস ম্যানেজার কে নবীন চরণ, সিনিয়র ম্যানেজার মনোজ রাউত রায়, রঞ্জন ভৌমিক। কৌশিকবাবু জানান, মাত্র চার লাখ টাকা প্রাথমিক বিনিয়োগ করলেই সম্পূর্ণ সৌরশক্তি চালিত পেট্রোল পাম্প তৈরি করা সম্ভব। এধরনের উদ্যোগে বছরে প্রায় দু-লাখ টাকা পর্যন্ত সাশ্রয় করা সম্ভব হবে। অর্থ সাশ্রয়ের পাশাপাশি জ্বালানি সাশ্রয়ই হবে। পরিবেশ দূষণও বন্ধ হবে। সৌরশক্তি চালিত পেট্রোল পাম্প তৈরির জন্য সংশ্লিষ্ট ব্যক্তিদের দ্রুত এগিয়ে আসা উচিত। ইতিমধ্যেই অনেকে এ বিষয়ে আগ্রহ দেখিয়েছেন বলে জানিয়েছেন কৌশিকবাবু। কে নবীনচরণ বলেন, বর্তমান পরিস্থিতিতে জ্বালানি সাশ্রয় খুবই জরুরি। এ বিষয়ে মানুষের সচেতনতা দরকার। সৌরশক্তি চালিত পেট্রোল পাম্প আর পাঁচটা সাধারণ পেট্রোল পাম্পের মতোই কাজ হওয়া সম্ভব। রাতের বেলা তো বটেই, এমনকি একটানা তিনদিন পর্যন্ত আকাশে সূর্যের দেখা না মিললেও এই প্রক্রিয়ায় সুষ্ঠুভাবে কাজ করা সম্ভব। পেট্রোল পাম্পগুলি ২৪ ঘণ্টা বিদ্যুৎ সরবরাহ সুনিশ্চিত করতে পাম্পে জেনারেটর বসায়। যার দাম তিন লাখ টাকার মতো। জেনারেটর চালাতে ডিজেলের জন্যও অতিরিক্ত খরচ হয়। কিন্তু সৌরশক্তি চালিত প্রকল্পে এসবের জন্য কোনও খরচ নেই। জেনারেটর নির্গত শব্দ বা ধোঁয়ার দূষণও এখানে অনুপস্থিত। সৌরচালিত ব্যবস্থায় কারিগরি সহায়তা দিচ্ছে সুলেখা ওয়ার্কস লিমিটেড। আইওসি-র সঙ্গে তাদের তিনবছরের মউ স্বাক্ষর হয়েছে। উত্তরবঙ্গের ৬ জেলা সহ সিকিমেও মোট ৫টি সৌরশক্তি চালিত পেট্রোল পাম্প তৈরির উদ্যোগ নিয়েছে আইওসি এবং সুলেখা। যার মধ্যে প্রথম পেট্রোল পাম্পটির উদ্বোধন হল শিলিগুড়িতে। বাকি চারটি পাম্প আগামী ফেব্রুয়ারি মাসের মধ্যেই হবে। সৌরশক্তি চালিত পাম্প তৈরিতে উৎসাহীদের ২০ শতাংশ পর্যন্ত ভরতুকি দেবে পেট্রোলিয়াম মন্ত্রক।